



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড বরিশাল

স্মারক নং- বশিবো/কলেজ/অনুঃ/২০১৫/৪০৪

তারিখ : ০৮/০৬/২০১৫খ্রি.

বিষয় : প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান

সূত্র : কলেজের স্মারক নং-, তারিখ: ৩১/০৫/২০১৫খ্রি.


উপরিউল্লিখিত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে এ বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের ০৮/০৬/২০১৫ তারিখের নির্দেশক্রমে জানাচ্ছি যে, কলেজ মঞ্জুরি কমিটির অনুমোদন সাপেক্ষে আজহার আলী মহাবিদ্যালয়, ডাক: নূরমিয়ারহাট, উপজেলা: দৌলতখান, জেলা: ভোলা-এর উচ্চমাধ্যমিক পর্যায়ে নিম্নবর্ণিত শাখা ও বিষয়সমূহের ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে “স্ব-অর্থায়নে ও এমপিও দাবী না করার শর্তে” একাদশ শ্রেণিতে প্রাথমিক পাঠদানের অনুমতি ০১/০৭/২০১৫ থেকে ৩০/০৬/২০১৬ পর্যন্ত প্রদান করা হলো।

পাঠদানের অনুমতির সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর পুনরায় মেয়াদ বৃদ্ধি করা না হলে উক্ত অনুমতি বাতিল হয়ে যাবে এবং এ সংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিচালনা থেকে বিরত থাকবে।

শাখা	বিষয়
১। সকল শাখার জন্য	: বাংলা, ইংরেজি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আবশ্যিক বিষয়)
২। নৈর্ব্যাপ্তিক বিষয়	
ক) বিজ্ঞান শাখা	: পদার্থ বিজ্ঞান, রসায়ন, জীব বিজ্ঞান, উচ্চতর গণিত
খ) মানবিক শাখা	: অর্থনীতি, পৌরনীতি ও সুশাসন, সমাজকর্ম, ইতিহাস, যুক্তিবিদ্যা
গ) ব্যবসায় শিক্ষা শাখা	: ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, হিসাব বিজ্ঞান, উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন এবং ফিন্যান্স ব্যাংকিং ও বীমা
ঘ) সকল শাখার জন্য	: কৃষি শিক্ষা

## শর্তাবলী

- ০১। অনুমোদনের প্রেক্ষিতে নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে
- ০২। ভবিষ্যতে সরকারি অনুদান বা আর্থিক মঞ্জুরীর জন্য আবেদন করতে পারবে না বা এমপিও দাবী করা যাবে না
- ০৩। আগামী ০১(এক) বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা এবং পরীক্ষার ফলাফল সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে
- ০৪। প্রতি শিক্ষাবর্ষে প্রতি বিষয়ে ন্যূনতম ২৫(পঁচিশ) জন করে শিক্ষার্থী ভর্তি করতে হবে এবং প্রতি বিষয়ে ন্যূনতম ২৫জন পরীক্ষায় অংশগ্রহণ করে কমপক্ষে এর ৫০% পাস করতে হবে
- ০৫। জনবল কাঠামো ২০১০ এর অতিরিক্ত শিক্ষক-কর্মচারী নিয়োগ করা যাবে না এবং নিবন্ধনধারী/ইনডেক্সধারী শিক্ষক নিয়োগ করতে হবে এবং মহিলা কোটার শর্ত পূরণ করতে হবে
- ০৬। কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না
- ০৭। উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না
- ০৮। বোর্ড কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে
- ০৯। বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে
- ১০। ধর্মীয় ও সামাজিক মূল্যবোধ ইত্যাদির সাথে সাংঘর্ষিক কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না
- ১১। একাদশ শ্রেণিতে পাঠদানের অনুমতিকে কোনক্রমেই স্বীকৃতি বলে গণ্য করা যাবে না
- ১২। আসবাবপত্র বৃদ্ধি করাসহ প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় করতে হবে
- ১৩। আলাদা গ্রন্থাগার নির্মাণ করে তাতে প্রয়োজনীয় সংখ্যক পাঠ্যপুস্তক ও সাহায্যকারী পুস্তক-এর সংখ্যা বাড়াতে হবে
- ১৪। সংরক্ষিত ও সাধারণ তহবিলে কাম্য পরিমাণ অর্থ সংরক্ষণ করতে হবে
- ১৫। বোর্ড কর্তৃপক্ষ যেকোন সময় এ আদেশ প্রত্যাহার বা স্থগিত করতে পারবে
- ১৬। ১৫(পনের) দিনের মধ্যে বিধি মোতাবেক নির্বাহী কমিটি গঠনের জন্য বলা হলো

  
০৮.০৬.২০১৫

ড. মোঃ লিয়াকত হোসেন # ৯৫১১

কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
বরিশাল

মোবাইল: ০১৭১৫৭১৪২৩৬  
gmail : drliaquate@gmail.com


অধ্যক্ষ

আজহার আলী মহাবিদ্যালয়

ডাক: নূরমিয়ারহাট, উপজেলা: দৌলতখান, জেলা: ভোলা

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি

- ০২। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ০৪। পরিচালক, ব্যানবেইস, ঢাকা
- ০৫। জেলা প্রশাসক, ভোলা
- ০৬। পরীক্ষা নিয়ন্ত্রক, বশিবো
- ০৭। সিস্টেম এ্যানালিস্ট(ভারপ্রাপ্ত), বশিবো
- ০৮। সংরক্ষণ নথি

  
০৮.০৬.১৫